



ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিবিরের নেটওয়ার্ক

□ ক্যাম্পাসে পোস্টার ও গোপন তৎপরতা, প্রকাশ্যে নামবে আগামী বছর

মোশতাক আহমদ ॥ ছাত্রদলের কার্যক্রম স্থগিত রাখা এবং অভ্যন্তরীণ কোন্দলের সুযোগে ইসলামী ছাত্রশিবির ঢাকা বিশ্ববিদ্যালয় ও আশপাশ এলাকায় বড় ধরনের নেটওয়ার্ক তৈরি করে গোপনে তাদের দলীয় কর্মকাণ্ড চালাচ্ছে। আগামীতে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রকাশ্যে দলীয় কর্মকাণ্ড চালাবে বলে শিবিরের এক কেন্দ্রীয় সদস্য মন্তব্য করেছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, বেশ কয়েক বছর আগে থেকেই কঁটাবন, পরীবাগ, চান্দখারপুলসহ আশপাশ এলাকায় শিবির বিভিন্ন বেশে অবস্থান করে তাদের দলীয় কার্যক্রম গোপনে চালিয়ে আসছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতেও শিবিরের নেতা-

কর্মীরা সরকারিদলের ছাত্র সংগঠনের ছত্রছায়ায় গোপনে তাদের কর্মকাণ্ড চালিয়ে আসছিল; কিন্তু গত নির্বাচনে চারদলীয় জোট ক্ষমতায় আসার পর থেকে তাদের তৎপরতা বাড়তে শুরু করে। এরপর গত ১৭ই নভেম্বর ছাত্রদলের কমিটি স্থগিত করার পর তারা ছাত্রদলের একটি গ্রুপের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুটি হল তাদের দখলে দেয়ার জন্য দাবি করে। এ সময় ছাত্রদলের ওই গ্রুপের নেতারা শিবিরকে জানিয়ে দেয়, ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীদের আবেগ-অনুভূতিকে মূল্য দেয় আর তাদের মনোভাবের কথা চিন্তা করেই ছাত্রশিবিরকে তারা ধীরে চলার পরামর্শ শিবির : পৃঃ ২ কঃ ২

শিবির : নেটওয়ার্ক

(১ম পৃষ্ঠার পর)

দেয়। তবে এই গ্রুপের নেতারা শিবিরের নেতা-কর্মীদেরকে নিরাপদে হলে থাকার ব্যাপারে আশঙ্কিত করে। এরপর গত রমজান মাস থেকে তাদের তৎপরতা বৃদ্ধি পেতে থাকে। প্রতি হল এবং বিশ্ববিদ্যালয় কমিটির নেতা-কর্মীদেরকে নিয়ে নগরীর বিভিন্ন রেস্টুরেন্টে ইফতার পার্টির আয়োজন করে। এর মধ্যে ধানমন্ডিতে সলিমুল্লাহ হলের নেতা-কর্মীদের সৌজন্যে আয়োজিত ইফতার পার্টিতে সবচেয়ে বেশি নেতা-কর্মী উপস্থিত ছিল বলে জানা গেছে।

গত মাসে কেন্দ্রীয় সদস্য সম্মেলন উপলক্ষে শিবির তাদের দলীয় পোস্টার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন, ডাকসু সংগ্রহশালার দেয়ালসহ বিভিন্ন দেয়ালে স্টেটে দেয়। এটিই ছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তাদের প্রথম পোস্টার।

সাংগঠনিক কর্মকাণ্ড সম্পর্কে শিবিরের এক কেন্দ্রীয় সদস্য মন্তব্য করেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলগুলোতে তাদের পূর্ণাঙ্গ কমিটি রয়েছে এবং উল্লেখযোগ্য সমর্থকও রয়েছে।

তিনি বলেন, ইচ্ছে করলে আমরা এখনই প্রকাশ্যে কাজ শুরু করতে পারি; কিন্তু আরো এক বছর এভাবে কর্মকাণ্ড চালিয়ে আগামী বছরের প্রথম দিকে আমরা প্রকাশ্যে দলীয় কর্মকাণ্ড শুরু করব।

এ ব্যাপারে ইসলামী ছাত্রশিবির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মো. শাহজাহানের সঙ্গে মোবাইলে কথা বলতে চাইলেও তার মোবাইল বন্ধ থাকায় কথা বলা যায়নি।